

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: দিসক/দিনাজ/এইচএসসি ২০২৩-২৪/২০২৩/২৬৮

তারিখ: ২৭ অগ্রহায়ণ, ১৪৩০ বঙ্গাব্দ
১২ ডিসেম্বর, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বিভাগ/বিষয় পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং-মাউশিবোদি/কলেজ/নিবন্ধন/২০২৩/১৩৩৬(২)

তারিখ: ০৭/১২/২০২৩ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, যারা বিভাগ/বিষয় পরিবর্তনে ইচ্ছুক তাদের ১৪/১২/২০২৩ হতে ২৪/১২/২০২৩ তারিখের মধ্যে অধ্যক্ষ বরাবর স্বহস্তে লিখিত আবেদন (মোবাইল নম্বরসহ) উচ্চ মাধ্যমিক শাখায় জমা দেয়ার জন্য বলা হলো।

বিভাগ/বিষয় পরিবর্তনের ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ভর্তি বিজ্ঞপ্তির প্রাথমিক শর্তাবলি অনুসরণ করা হবে এবং আসন শূন্য থাকা সাপেক্ষে আবেদনকারীদের মধ্যে থেকে মেধাক্রম অনুযায়ী বিভাগ পরিবর্তনের সুযোগ প্রদান করা হবে।

উল্লেখ্য যে, আগামী ২৮/১২/২০২৩ তারিখ বেলা ১১:০০ টায় উচ্চ মাধ্যমিক শাখায় বিভাগ/বিষয় পরিবর্তনের ফলাফল প্রকাশ করা হবে। বিভাগ/বিষয় পরিবর্তনের জন্য নির্বাচিত ছাত্রছাত্রীদের আগামী ০১/০১/২০২৪ তারিখ অফিস চলাকালীন বিভাগ/বিষয় পরিবর্তন ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা কলেজের (মূল ক্যাম্পাস) ক্যাশ শাখা থেকে রসিদ সংগ্রহ করে সাউথইস্ট ব্যাংক লিমিটেড-এ জমা দিয়ে জমা রসিদের বিভাগীয় অংশ উচ্চ মাধ্যমিক শাখায় জমা দিতে হবে। অন্যথায় বিভাগ/বিষয় পরিবর্তনের মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।


বিভাগ পরিবর্তনের নিয়মাবলি:


১. বিজ্ঞান (এসএসসি) বিভাগের শিক্ষার্থী মানবিক অথবা ব্যবসায় শিক্ষা বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
২. মানবিক (এসএসসি) বিভাগের শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
৩. ব্যবসায় শিক্ষা (এসএসসি) বিভাগের শিক্ষার্থী মানবিক বিভাগে (এইচএসসি) যেতে পারবে।
৪. বিজ্ঞান বিভাগ হতে উল্লিখিত শিক্ষার্থী অন্য বিভাগে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে আর বিভাগ পরিবর্তন করে বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তন করতে পারবে না।

আবেদনের সাথে নিম্নলিখিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে:

১. এসএসসি পাসের নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
২. পাসপোর্ট সাইজের ছবি ০১ কপি।
৩. প্রথম ভর্তি রসিদের ফটোকপি।

প্রয়োজনে: জনাব মনোরঞ্জন রায়, সহযোগী অধ্যাপক, পদার্থবিদ্যা (০১৭১২৪২০৬৫৭) ও জনাব মোছা. আরজিনা পারভীন, সহকারী অধ্যাপক, ইংরেজি (০১৭৫৮২২৫৫৭২)

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর


(মনোরঞ্জন রায়)
আহ্বায়ক
একাদশ শ্রেণি ভর্তি কমিটি ২০২৩-২০২৪
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

স্মারক নম্বর:

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপাধ্যক্ষ, দিনাজপুর সরকারি কলেজ
- ২। তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, দিনাজপুর সরকারি কলেজ
- ৩। অফিস নথি